গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সহকারী পরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রংপুর

এবং

মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

## সূচিপত্র


বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: বিভাগীয় অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: বিভাগীয় অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৩

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৪

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৫

# বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Divisional Office)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

জ্ঞানমনস্ক আলোকিত সমাজ বিনির্মাণের লক্ষে রাষ্ট্রের সামগ্রিক জনগোষ্ঠীর নিবিড় প্রত্যাশা পূরণে নিজ সক্ষমতা অনুযায়ী সর্বোচ্চ প্রয়াস নিয়োজিত করা রংপুর গণগ্রন্থাগারের মুখ্য কাজ। প্রধানত: আলোকবর্তিকাবাহী বই পাঠে সর্বসাধারণকে অবিরাম উদ্বুদ্ধ করা এবং বিজ্ঞানভিত্তিক আধুনিক তথ্যপ্রযুক্তি-সম্বলিত সেবা প্রদান করা এ প্রয়াসের অন্তর্ভুক্ত। উক্ত লক্ষ্য অর্জনে গণগ্রন্থাগার অধিদপ্তর সাম্প্রতিক বছরগুলোতে ( বিগত তিন বছরে বই সহ প্রেরণকৃত ৩৭৬৯ টি পুস্তক সংগ্রহ করেছে এবং পাঠক উপযোগী করে রিডিং হলে প্রেরণ করা হয়েছে । এ সময়ে বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার রংপুর থেকে ৫৬৪৭৯ জন পাঠককে পাঠকসেবা এবং তথ্য ও রেফারেন্স সেবা প্রদান করা হয়েছে তৎসঙ্গে এ সময়ে জেলা প্রশাসক,রংপুর কর্তৃক আয়োজিত উন্নয়ন মেলা,ডিজিটাল মেলা,তথ্যমেলা,বইমেলাসহ বিভিন্ন অনুষ্ঠানে সক্রিয় অংশগ্রহণ করা হয়েছে । ক্রমান্বয়ে পাঠকসংখ্যা ও পাঠাভ্যাস বৃদ্ধি কার্যক্রম জোরদারকরণে উৎসাহ প্রদানের জন্য বিভিন্ন জাতীয় দিবস ভিত্তিক রচনা ,বইপাঠ, চিত্রাংকণ, গল্পবলা ,ছড়া ও কবিতা আবৃত্তির অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । প্রতিযোগিতায় অংশগ্রহণকারী বিজয়ীদেরকে বই এবং প্রশংসাব্যঞ্জক সনদ প্রদান করা হয়েছে । শিশুকর্ণার,বেঙ্গল আর্ট কর্ণার, বঙ্গবন্ধুকর্ণার এবং স্থানীয় লেখকদের লেখা বইয়ের একটি সমৃদ্ধ কর্ণারও আছে । বেসরকারী গণগ্রন্থাগার জরিপসহ ৬২ টি তালিকা ভূক্তিকরণ কাজও সম্পন্ন করা হয়েছে । সরকার কর্তৃক ৫ ফেব্রুয়ারিকে জাতীয় গ্রন্থাগার দিবস ঘোষনা করায় প্রতিবছর ৫ ফেব্রুয়ারি যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়েছে। কম্পিউটার ও ইন্টারনেট সেবা সংযোজন, পাঠকদের জন্য ১০ এমবিপিএস এর ইন্টারনেট ও ওয়াই-ফাই সুবিধা প্রদান । গ্রন্থাগারে ক্লোজসার্কিট ক্যামেরা ও সৌর বিদ্যুৎ স্থাপন করা হয়েছে, এছাড়াও ২টি ইনফরমেশন কিয়স্ক সংযোজন, যার মাধ্যমে গ্রন্থাগারের পাঠকক্ষের ২০,০০০ বইয়ের তথ্য অনলাইনে ইনপুট দেওয়া হয়েছে পাশাপাশি উক্ত প্রক্রিয়া চলমান রয়েছে। যার ফলে পাঠকগণ তাৎক্ষণিকভাবে তথ্য খুঁজে পাবেন।

### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

সর্বসাধারণের পাঠাভ্যাস বৃদ্ধি এবং বিজ্ঞানভিত্তিক আধুনিক তথ্য-প্রযুক্তি সম্বলিত তথ্যসেবা প্রদান গণগ্রন্থাগার অধিদপ্তর ও এর আওতাধীন গণগ্রন্থাগারসমূহের প্রধানতম কাজ হওয়ায় এ কাজ সম্পাদনের আবশ্যিক পূর্বশর্ত হলো জনসাধারণের চাহিদামাফিক বই সংগ্রহ করা এবং আধুনিক তথ্য-প্রযুক্তি সম্বলিত তথ্যসেবা প্রদানের সুবিধাদি নিশ্চিত করা। কিন্তু বাজেট বরাদ্দের অপ্রতুলতা, পুস্তকের সংখ্যা-স্বল্পতা, বৃহত্তর-পরিসর স্থান সংকুলান প্রতিকুলতা, জনবলের সীমাবদ্ধতা এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারে স্থিতিশীল নেটওয়ার্কের অপ্রতুলতা বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রংপুর এর প্রধান সমস্যা। জেলা গ্রন্থাগার হতে বিভাগীয় গ্রন্থাগারে উন্নীত হলেও কাঠামো ও অন্যান্য বিষয়াদীর উন্নয়ন জরুরি। অনলাইন লাইব্রেরি ম্যানেজমেন্ট সিস্টেম প্রবর্তন বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রংপুর এর উল্লেখযোগ্য চ্যালেঞ্জ।

### ভবিষ্যৎ পরিকল্পনা:

বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রংপুর এর স্বল্পমেয়াদি পরিকল্পনার মধ্যে প্রয়োজনীয় আসবাবপত্র সংযোজন, ইন্টারনেট সেবা সম্প্রসারণ ইত্যাদি উল্লেখযোগ্য। মধ্যমেয়াদি পরিকল্পনার আওতায় গণগ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক গণগ্রন্থাগার ভবনের উর্ধমূখী ও অনুভূমিক সম্প্রসারণ এবং অনলাইন লাইব্রেরি ম্যানেজমেন্ট সিস্টেম প্রবর্তন ইত্যাদি কাযক্রমকে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার এর সাংগঠনিক জনবল বৃদ্ধিকরণ ইত্যাদি কাযক্রম দীর্ঘমেয়াদি পরিকল্পনার আওতাভূক্ত রয়েছে। অনলাইনে পাঠকসেবা ও বই ধার সেবা প্রদান।

### ২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- - সদর দপ্তর হতে সরবরাহকৃত সম্ভাব্য ১২০০ খানা পুস্তক পাঠকক্ষে সংযোজন।
- - বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রংপুর এর ইন্টারনেট সেবার সম্প্রসারণ।
- - জাতীয় দিবসসমূহে আবৃত্তি, রচনা, গল্পবলা, চিত্রাংকন, হাতের লেখা ইত্যাদি প্রতিযোগিতার আয়োজন করা।
- - বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রনকারী বিজয়ীকে পুরস্কার ও সনদপত্র প্রদান।
- - ০৫ ফেব্রুয়ারি যথাযথ মর্যাদায় জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপন।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

সহকারী পরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রংপুর

এবং

মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর-এর মধ্যে ২০২৩ সালের জুন মাসের ১৮/০৬/২০২৩খ্রিঃ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## বিভাগীয় অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision)**

জ্ঞানমনস্ক আলোকিত সমাজ

**১.২ অভিলক্ষ্য (Mission)**

জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে রংপুর জেলার সমগ্র জনগোষ্ঠীকে বিজ্ঞান ও আধুনিক তথ্য-প্রযুক্তিভিত্তিক সুবিধাদি-সম্বলিত সময়-সাশ্রয়ী পাঠকসেবা ও তথ্যসেবা প্রদানের মাধ্যমে জ্ঞান ও প্রজ্ঞায় বিকশিতকরণ

**১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র**

**১.৩.১ বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. পাঠকসেবার মানোন্নয়নের লক্ষ্যে পাঠক উপস্থিতি এবং বিভিন্ন প্রতিযোগিতা উদযাপন
২. পাঠকসেবার মানোন্নয়নের লক্ষ্যে পুস্তক সংগ্রহ এবং জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপন
৩. প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ

**১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

**১.৪ কার্যাবলি (Functions)**

১. পাঠাভ্যাস বৃদ্ধিতে পুস্তক, সাময়িকী, দৈনিক পত্রিকা ইত্যাদির মাধ্যমে পাঠকসেবা, রেফারেন্স সেবা ও তথ্যসেবা প্রদান ২টি ইনফরমেশন কিয়স্ক, যার মাধ্যমে গ্রন্থাগারের পাঠকক্ষের ২০,০০০ বইয়ের তথ্য অনলাইনে ইনপুট দেওয়া হয়েছে পাশাপাশি উক্ত প্রক্রিয়া চলমান রয়েছে। যার ফলে পাঠকগণ তাৎক্ষণিকভাবে তথ্য খুজেঁ পাবেন।
২. সেবাগ্রহীতাদের চাহিদার আলোকে পাঠসামগ্রী সংগ্রহ, প্রক্রিয়াকরণ, সংরক্ষণ ও বিতরণ
৩. সৃজনশীল ও সংস্কৃতিবান জনগোষ্ঠী বিনির্মাণে জাতীয় দিবসসমূহে রচনা, চিত্রাংকন, বইপাঠ, আবৃত্তি ইত্যাদি প্রতিযোগিতা আয়োজন এবং বিজয়ীদের মাঝে পুরস্কার ও সনদপত্র প্রদান
৪. তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে দক্ষ জনগোষ্ঠী তৈরির প্রয়াসে বিনামূল্যে ইন্টারনেট সেবা প্রদান
৫. গ্রন্থাগার সেবা সম্প্রসারণের লক্ষ্যে ভ্রাম্যমাণ লাইব্রেরি কার্যক্রম পরিচালনা ও বেসরকারি পাঠাগার তালিকাভুক্তকরণ ও তদারকিকরণ।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্হাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | | |
| পাঠকসেবা | পাঠক উপস্থিতির প্রবৃদ্ধি | হাজার | ২৬.০৮২ (হাজার) | ২২.০০১ (হাজার) | ২০.৮০০ (হাজার) | ২১.১০০ (হাজার) | ২১.৭০০ (হাজার) | প্রযোজ্য নয় | পাঠক উপস্থিতি রেজিস্টার |
| জ্ঞানভিত্তিক সমাজ নির্মাণ | গ্রন্থাগার সেবার মানোন্নয়নের লক্ষ্যে জাতীয় দিবসে রচনা, চিত্রাংকন ও বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন | সংখ্যা | ৭ | ৭ | ৭ | ৮ | ৯ | প্রযোজ্য নয় | বিভিন্ন দিবস উপলেক্ষ্য পত্রিকায় বিজ্ঞপ্তি এবং বিভিন্ন ইভেন্টে অংশগ্রহণকারীর সংখ্যা ও ছবি |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] পাঠকসেবার মানোন্নয়নের লক্ষ্যে পাঠক উপস্থিতি এবং বিভিন্ন প্রতিযোগিতা উদযাপন | ৪০ | [১.১] [১.১] পাঠকসেবা | [১.১.১] পাঠক উপস্থিতি (পুরুষ) | সমষ্টি | হাজার | ৫ | ১৮.৯৯২ | ১৬.৪১৬ | ১৫.৫০ | ১৫.০০ | ১৪.৫০ | ১৪.০০ | ০ | ১৫.৬০ | ১৬.০০ |
| | | | [১.১.২] পাঠক উপস্থিতি (নারী) | সমষ্টি | হাজার | ৩ | ৫.০৪৮ | ৪.০৮২ | ৪.১০ | ৪.০০ | ৩.৯০ | ৩.৮০ | ০ | ৪.২০ | ৪.৩০ |
| | | | [১.১.৩] পাঠক উপস্থিতি (শিশু) | সমষ্টি | হাজার | ২ | ২.০৪২ | ১.৫০৩ | ১.২০ | ১.১০ | ১.০০ | ০.৯০ | ০ | ১.৩০ | ১.৪০ |
| | | [১.২] অনুষ্ঠানের সংখ্যা /প্রতিযোগিতায় অংশগ্রহণকারী/পুরস্কার গ্রহণকারী | [১.২.১] চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণকারী | সমষ্টি | শত | ৫ | ০.৮৪ | ২.৭৭ | ২.২০ | ২.১০ | ২.০০ | ১.৯০ | ০ | ২.২৫ | ২.৩০ |
| | | | [১.২.২] চিত্রাংকন প্রতিযোগিতায় পুরস্কার গ্রহণকারী | সমষ্টি | শত | ৫ | ০ | ০.৫২ | ০.৪০ | ০.৩৫ | ০.৩০ | ০.২৫ | ০ | ০.৪৫ | ০.৫০ |
| | | | [১.২.৩] অনুষ্ঠান | সমষ্টি | সংখ্যা | ১০ | ৭ | ৭ | ৭ | ৭ | ৭ | ৭ | ৭ | ৮ | ৯ |
| | | | [১.২.৪] রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণকারী | সমষ্টি | শত | ৫ | ৩.০৫ | ৩.৪৮ | ৩.০ | ২.৯ | ২.৮ | ২.৭ | ০ | ৩.১০ | ৩.৩০ |
| | | | [১.২.৫] রচনা প্রতিযোগিতায় পুরস্কার গ্রহণকারী | সমষ্টি | শত | ৫ | ০ | ০.৭৩ | ০.৫০ | ০.৪০ | ০.৩০ | ০.২৫ | ০ | ০.৬০ | ০.৬৫ |
| [২] পাঠকসেবার মানোন্নয়নের লক্ষ্যে পুস্তক সংগ্রহ এবং জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপন | ২০ | [২.১] বিদ্যমান গণগ্রন্থাগারসমূহের জন্য পাঠক চাহিদা মোতাবেক পাঠসামগ্রী সংগ্রহ ও জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপন | [২.১.১] পুস্তক সংগ্রহ ও সম্পাদন | সমষ্টি | হাজার | ১০ | ১.০৬০ | ১.০৬০ | ১.২০ | ১.১০ | ১.১৫ | ১.০০ | ০ | ১.২৫ | ১.৩০ |
| | | | [২.১.২] ] জাতীয় গ্রন্থাগার দিবস অনুষ্ঠিত | সমষ্টি | তারিখ | ১০ | ৫-২-২২ | ৫-২-২৩ | ৫২২৪ | ০ | ০ | ০ | ০ | ০৫-০২-২৫ | ০৫-০২-২৬ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [৩] প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ | ১০ | [৩.১] দক্ষতা শেয়ারিং | [৩.১.১] কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে পারস্করিক দক্ষতা শেয়ারিং সেশন | তারিখ | তারিখ | ১০ | | | | | | | | | |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, প্রিন্সিপাল লাইব্রেরিয়ান কাম উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রংপুর হিসেবে মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর হিসেবে প্রিন্সিপাল লাইব্রেরিয়ান কাম উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রংপুর এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

১৪/০৬/২০২৫

---------------------------------------- ------------------------------

প্রিন্সিপাল লাইব্রেরিয়ান কাম উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত) তারিখ

বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রংপুর

১৫/৬/২৫

---------------------------------------- ------------------------------

মহাপরিচালক তারিখ

গণগ্রন্থাগার অধিদপ্তর

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | নাই | নাই |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] [১.১] পাঠকসেবা | [১.১.১] পাঠক উপস্থিতি (পুরুষ) | বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রংপুর | পাঠক উপস্থিতি রেজিস্টার এর প্রতি মাসের প্রথম ও শেষ কর্মদিবসের পাঠক হাজিরার সারমর্ম ও হাজিরার সত্যায়িত ফটোকপি। |
| | [১.১.২] পাঠক উপস্থিতি (নারী) | বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রংপুর | পাঠক উপস্থিতি রেজিস্টার এর প্রতি মাসের প্রথম ও শেষ কর্মদিবসের পাঠক হাজিরার সারমর্ম ও হাজিরার সত্যায়িত ফটোকপি। |
| | [১.১.৩] পাঠক উপস্থিতি (শিশু) | বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রংপুর | পাঠক উপস্থিতি রেজিস্টার এর প্রতি মাসের প্রথম ও শেষ কর্মদিবসের পাঠক হাজিরার সারমর্ম ও হাজিরার সত্যায়িত ফটোকপি। |
| [১.২] অনুষ্ঠানের সংখ্যা /প্রতিযোগিতায় অংশগ্রহণকারী/পুরস্কার গ্রহণকারী | [১.২.১] চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণকারী | বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রংপুর | অংশগ্রহনকারীর সংখ্যা ও ছবি |
| [১.২] অনুষ্ঠানের সংখ্যা /প্রতিযোগিতায় অংশগ্রহণকারী/পুরস্কার গ্রহণকারী | [১.২.২] চিত্রাংকন প্রতিযোগিতায় পুরস্কার গ্রহণকারী | বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রংপুর | অংশগ্রহনকারীর সংখ্যা ও ছবি |
| | [১.২.৩] অনুষ্ঠান | বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রংপুর | ৭টি অনুষ্ঠানের বিজ্ঞপ্তি এবং রচনা জমাদানের ও চিত্রাংকনে অংশগ্রহনকারীর ছবি |
| | [১.২.৪] রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণকারী | বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রংপুর | অংশগ্রহনকারীর সংখ্যা ও ছবি |
| | [১.২.৫] রচনা প্রতিযোগিতায় পুরস্কার গ্রহণকারী | বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রংপুর | অংশগ্রহনকারীর সংখ্যা ও ছবি |
| [২.১] বিদ্যমান গণগ্রন্থাগারসমূহের জন্য পাঠক চাহিদা মোতাবেক পাঠসামগ্রী সংগ্রহ ও জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপন | [২.১.১] পুস্তক সংগ্রহ ও সম্পাদন | সদর দপ্তর | প্রাপ্ত ( জমাকৃত ) বই এর তালিকা/পুস্তক অন্তর্ভূক্তি রেজি: এর ছবি এবং বই গ্রহণ সংক্রান্ত চিঠিপত্র |
| | [২.১.২] ] জাতীয় গ্রন্থাগার দিবস অনুষ্ঠিত | বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রংপুর | দিবস সম্পর্কিত মিটিং এর নোটিশ, রেজুলেশন, ছবি এবং দিবস সম্পর্কিত প্রতিবেদনের কপি |
| [৩.১] দক্ষতা শেয়ারিং | [৩.১.১] কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে পারস্পরিক দক্ষতা শেয়ারিং সেশন | বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রংপুর | নোটিশ/উপস্থিতি তালিকা ও ছবি |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| বিদ্যমান গণগ্রন্থাগারসমূহের জন্য পাঠক চাহিদা মোতাবেক পাঠসামগ্রী সংগ্রহ ও জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপন | ] জাতীয় গ্রন্থাগার দিবস অনুষ্ঠিত | জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর | প্রস্তুতিমূলক সভা ও পত্রাদির মাধ্যমে |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ